দৈনিক ইত্তেফাক

তারিখ 25 NOV 2007
পৃষ্ঠা ৫ কলাম ৭

ত্রি-পক্ষীয় রশি টানাটানি

# শিক্ষা বোর্ডের প্রশাসনিক ভবন দুই বছরেও হস্তান্তর হয়নি

॥ রেজাউল করিম খান, রাজশাহী অফিস ॥

শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা প্রকৌশল বিভাগের ত্রি-পক্ষীয় রশি টানাটানিতে রাজশাহী শিক্ষা বোর্ডের নতুন প্রশাসনিক ভবন নির্মাণের দু'বছর অতিক্রান্ত হলেও এখনো ভবনটি হস্তান্তর হয়নি। এর ফলে নির্মাণ কাজ শেষ হলেও ভবনটি ব্যবহার করতে পারছে না শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ। ফলে বোর্ডে স্থান সংকুলান সমস্যাটি রয়েই গেছে।

রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ তাদের স্থানে সংকুলান সমস্যা দূর করার লক্ষ্যে ২০০৩ সালে নিজস্ব অর্থায়নে ৬ তলা বিশিষ্ট একটি প্রশাসনিক ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করে। প্রকল্প বাস্তবায়নের মেয়াদ ছিল ১৮ মাস। নির্ধারিত সময়ে কাজটি শেষ হওয়ার পর এর নির্মাণ ব্যয় দাঁড়ায় ৪ কোটি ৬২ লাখ টাকায়। ইতিমধ্যে রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ৪ কোটি ২৯ লাখ টাকা পরিশোধ করেছেন। প্রকল্প বাস্তবায়নকারী শিক্ষা প্রকৌশল বিভাগের দাবি আরো প্রায় ৩২ লাখ টাকা পরিশোধের। শিক্ষা প্রকৌশল বিভাগের একজন কর্মকর্তার বক্তব্য পাইলিং এবং ২ ভাগ অপচয়ের কারণে নির্মাণ ব্যয় বেড়ে যায়।

এ ব্যাপারে রাজশাহী শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর মোহাঃ শফিক উদ্দিন জানান, শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরের অনুমতি ছাড়া আমরা অতিরিক্ত অর্থ কোনভাবেই পরিশোধ করতে পারি না। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের একটি আদেশে কার্যাদেশ বহির্ভূত অতিরিক্ত ব্যয় নির্বাহের প্রয়োজন দেখা দিলে ব্যয় নির্বাহের পূর্বে মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণের কথা বলা হয়। অদ্যাবধি অতিরিক্ত ব্যয় পরিশোধের অনুমতি মিলেনি বলে জানা গেছে। আর এ কারণে রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ দাবিকৃত ৩২ লাখ টাকা পরিশোধ করতে পারছেন না। তবে বোর্ড কর্তৃপক্ষ টেন্ডার ব্যয়ের অবশিষ্ট দশ লাখ টাকা পরিশোধ করতে সম্মত আছে। এ কারণে প্রকল্প বাস্তবায়নকারী প্রতিষ্ঠান শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ভবনটি বোর্ড কর্তৃপক্ষকে হস্তান্তর করতে পারছে না।